

সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবির নবনিযুক্ত কোষাধ্যক্ষের বিশ্ববিদ্যালয়ে যোগদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নবনিযুক্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) আজ সোমবার (১৬ ডিসেম্বর ২০১৪) বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন।

যোগদানের পরে কোষাধ্যক্ষ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন। পরে তাঁকে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, নোবিপ্রবির পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হকসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৫ ডিসেম্বর ২০২৪ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফলিত গণিত বিভাগের অধ্যাপক, বিজ্ঞান অনুষদের সাবেক ডীন ড. মোহাম্মদ হানিফ মুরাদকে নোবিপ্রবির কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এর অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪